



বাঃ মঃ উঃ কঃ

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪

ওয়েব সাইট: www.bfdc.gov.bd ই-মেইল: bfdc_64@yahoo.com ফ্যাক্স: ০২-৯১৪২৪৮৮



পত্র নং (ক্রয়)ঃ ৩৩.০৩.০০০০.১০৪.০৪.০৭৮.১৮/২৯/১(১৯)

তারিখঃ ১১-০৬-২০১৮ খ্রিঃ।

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বোর্ডরুমে ব্যবহারের জন্য ১২ (বার)টি ভিজিটর চেয়ার সরবরাহ/ক্রয়ের নিমিত্ত “কোটেশন/ স্থানীয় দরপত্র” বিজ্ঞপ্তি।

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বোর্ডরুমে ব্যবহারের জন্য ১২ (বার)টি ভিজিটর চেয়ার সরবরাহ/ক্রয়ের জন্য উক্ত কাজের অভিজ্ঞতা সম্পন্ন সরবরাহকারী ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহের নিকট হতে এতদ্বারা সীলমোহরকৃত মুখ বন্ধ খামে “কোটেশন/স্থানীয় দরপত্র” আহ্বান করা যাচ্ছে।

“কোটেশন/স্থানীয় দরপত্র” আগামী ১৪-০৬-২০১৮ খ্রিঃ তারিখ রোজঃ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকার মধ্যে অত্র কর্পোরেশনের প্রধান কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে/নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে, হাতে হাতে/ডাকযোগে দাখিল করতে হবে এবং ঐ দিন বেলা ১১.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত “কোটেশন/স্থানীয় দরপত্রসমূহ” খোলা এবং মূল্যায়ন করা হবে। “কোটেশন/স্থানীয় দরপত্রে” দর প্রদানের সুবিধার্থে জন্য ১২ (বার)টি ভিজিটর চেয়ার সরবরাহ/ক্রয়ের “তফসিল ও কোটেশন/দরপত্রের” শর্তাবলী এতদসঙ্গে সংযুক্ত করা হ’ল।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে বামউক কর্তৃপক্ষ যে কোন/সকল “কোটেশন/স্থানীয় দরপত্র” বাতিল ও গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সংযুক্তিঃ- উক্তরূপ।


(এ.কে.এম. নূর মোহাম্মদ)

ব্যবস্থাপক (ক্রয়)

বামউক, ঢাকা।

বিতরণ-(সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ১। সচিব, বামউক, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা-১২১৫, বর্ণিত “কোটেশন/স্থানীয় দরপত্র” বিজ্ঞপ্তি খানা বামউক এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ২। ব্যবস্থাপক-বাস্তবায়ন/বিপণন, বামউক, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৩। উপ-সচিব, প্রশাসন বিভাগ, বামউক, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা (নিয়মানুযায়ী পরবর্তী ব্যবস্থা নেয়ার জন্য বলা যাচ্ছে)।
- ৪। অর্থ নিয়ন্ত্রক, অর্থ বিভাগ, বামউক, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৫। অত্র কর্পোরেশন, ঢাকা ওয়াসা, ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন ও বিআরডিবি প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড।
- ৬। মেসার্স



বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বোর্ডরুমে ব্যবহারের জন্য
১২ (বার)টি ভিজিটর চেয়ার সরবরাহ/ক্রয়ের নিমিত্ত “কোটেশন/ স্থানীয় দরপত্র” তফসীল।

ক্রঃ	মালামালের নাম	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
১।	ভিজিটর চেয়ার	৩২ মি.মি দিয়া ও ১.২ মি.মি. পূর্বক স্টীল টিউবযুক্ত। চেয়ারটি ৫০ মি.মি. পুরু ফোমযুক্ত যা উন্নত মানের রেকসিন দ্বারা আবৃত। সিটের নিচ অংশ এমএস টিউব দ্বারা নির্ধারিত। আয়তনঃ সিট- দৈর্ঘ্য ৪৬০ x প্রস্থ ৪৮০ মি.মি পশ্চাৎ অংশ-দৈর্ঘ্য ৪৫০ x প্রস্থ ৪৪০ মি.মি। শনাক্তকারী চিহ্নঃ হলোগ্রাম ও মনোগ্রাম স্টিকার যুক্ত মেনুফেকচার প্যাকিংঃ পলিপ্যাক নিশ্চয়তাঃ ১ (এক) বছর।	১২ (বার)টি		
			সর্বমোটঃ		

কথায় :

- ১। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :
- ২। ব্যক্তি/প্রতিষ্ঠানের ঠিকানা :
- ৩। ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিকের জাতীয়
পরিচয়পত্র নং :
- ৪। মোবাইল নং :
- ৫। তারিখ :

সীলসহ দরদাতার স্বাক্ষর ও তারিখঃ



বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বোর্ডরুমে ব্যবহারের জন্য ১২ (বার)টি ভিজিটর চেয়ার সরবরাহ/ক্রয়ের নিমিত্ত “কোটেশন/ স্থানীয় দরপত্র” শর্তাবলী।

- ১। “কোটেশন/স্থানীয় দরপত্র” সিডিউলে উদ্ধৃত দর স্পষ্ট করে অংকে ও কথায় লিখতে হবে। কোন প্রকার কাটা-কাটি/ঘষা-মাঝা হলে “কোটেশন/স্থানীয় দরপত্র” সিডিউল সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ২। সীলমোহরকৃত মুখ বন্ধ খামের উপর “কোটেশন/স্থানীয় দরপত্র” দরদাতা ও দর আহ্বানকারীর ঠিকানা লিখে কোটেশন/দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ৩। কেবলমাত্র বামউক এর সরবরাহকৃত দরপত্র সিডিউলেই “কোটেশন/স্থানীয় দরপত্র” দাখিল করা যাবে। দাখিলকৃত দরপত্রের প্রতি পাতায় দরদাতা কর্তৃক সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে।
- ৪। দরপত্রের সাথে দরদাতার ব্যবসায়িক লাইসেন্স, জাতীয় পরিচয়পত্র/ই-টিন নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর/ ব্যাংক সলভেন্সীর সত্যায়িত কপি দাখিল করতে হবে। তাছাড়া পিপিআর-২০০৮ এর শর্তসমূহ পালন পূর্বক অত্র কর্পোরেশনের প্রশাসনিক ও আর্থিক বিধি অনুযায়ী সকল কাজ সম্পাদন করতে হইবে।
- ৫। সফল দরদাতাকে কার্যাদেশ প্রদানের ০২ (দুই) কার্যদিবসের মধ্যে তফসিলে চাহিত ১২ (বার)টি ভিজিটর চেয়ার নিজ দায়িত্বে প্রধান কার্যালয়ের ৬ষ্ঠ তলায় বোর্ড রুমে উপ-সচিবের উপস্থিতিতে সরবরাহের কাজ সম্পন্ন করতে হবে।
- ৬। তফসিলে বর্ণিত/উল্লেখিত ভিজিটর চেয়ার সমূহের ক্যারিং, লোড-আনলোড, ফিটিং, ইত্যাদি কাজ সরবরাহ কারীকে নিজ দায়িত্বে ও ব্যয়ে করতে হবে।
- ৭। সরবরাহকৃত ভিজিটর চেয়ার সমূহের ০১(এক) বছরের নিশ্চয়তা পত্র নিজস্ব প্যাডে প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে কোন প্রকার ত্রুটি দেখা দিলে তা নিজ খরচে ও দায়িত্বে মেরামত/প্রতিস্থাপন করে দিতে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা বিলের সংগে দাখিল করতে হবে।
- ৮। ভিজিটর চেয়ার সমূহ সরবরাহ চলাকালীন সময়ে কোন দুর্ঘটনা বা অন্য কোন কারণে ক্ষতিগ্রস্ত হইলে সরবরাহকারীকে তা নিজ দায়িত্বে ও ব্যয়ে পুনঃরায় নতুন ভিজিটর চেয়ার সরবরাহ করতে হবে।
- ৯। নির্ধারিত সময়ের মধ্যে ভিজিটর চেয়ার সমূহ সরবরাহ করতে ব্যর্থ হইলে বা কোন প্রকার ত্রুটি বিদ্যুতি/অনিয়ম পরিলক্ষিত হইলে বামউক কর্তৃপক্ষ প্রতিদিন ৫০০/- (পাঁচশত) টাকা অথবা কার্য মূল্যের সর্বোচ্চ ১০% হারে জরিমানা আরোপ করতে পারবেন।
- ১০। বিল পরিশোধের নিমিত্ত স্টোর-কিপার, উপ-সচিব ও প্রশাসন বিভাগের প্রধান কর্তৃক সুপারিশকৃত ০৩ (তিন) প্রস্ত বিল দাখিল করতে হবে। দাখিলকৃত বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও অন্যান্য কর (যদি থাকে) কর্তন পূর্বক বিলের টাকা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
- ১১। সর্বনিম্ন দরদাতা বলে কাজ পাওয়ার দাবী গ্রহণযোগ্য হবে না এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল “কোটেশন/স্থানীয় দরপত্র” গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ রাখেন।
- ১২। অত্র “কোটেশন/স্থানীয় দরপত্রের” শর্ত সমূহের সংযোজন-বিয়োজন পরিবর্ধন, পরিমার্জন করা এবং প্রয়োজনে যে কোন নতুন শর্ত আরোপ করার ক্ষমতা বামউক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

দরদাতার স্বাক্ষরসহ সীল ও তারিখ

নাম :

প্রতিষ্ঠানের নাম :

ঠিকানা :